

তারিখ: ১০.০৩.২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

অংশীজনের সাথে মমতার এসআরএইচআর প্রকল্পের ওরিয়েন্টেশন

এসআরএইচআর এবং পুষ্টি পরিষেবা নিশ্চিত করতে স্থানীয় স্বাস্থ্য ব্যবস্থার সমন্বয় সাধনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং ইউপিএইচসিএসডিপি-এর সাথে অংশীজন ওরিয়েন্টেশন ১০ মার্চ ২০২৬ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। মমতার পরিচালিত 'হেল্থ সিস্টেম রেজিলেন্সি ফর ইম্প্রুভড এসআরএইচআর ইন বাংলাদেশ প্রকল্পের আয়োজনে উক্ত ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশনে মমতা'র প্রধান নির্বাহী একুশে পদকপ্রাপ্ত সমাজসেবক রফিক আহামদের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। বক্তব্য রাখেন চসিক সচিব মোহাম্মদ আশরাফুল আমিন, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ ইমাম হোসেন রানা, শিক্ষা অফিসার নাজমা বিনতে আমিন, এসোসিয়েশন ফর প্রিভেনশন অব সেপটিক এবরশন বাংলাদেশ (বাপসা) এর নির্বাহী পরিচালক ড. আলতাফ হোসেন, ইপসার প্রধান নির্বাহী ড. মো. আরিফুর রহমান, মমতার উপ-প্রধান নির্বাহী মো. ফারুক প্রমুখ। কানাডিয়ান সংস্থা হেল্থব্রিজ ফাউন্ডেশনের সহায়তায়, এসোসিয়েশন ফর প্রিভেনশন অব সেপটিক এবরশন বাংলাদেশ (বাপসা) লিড পার্টনার এবং মমতা ইমপ্লিমেন্টিং পার্টনার হিসেবে 'হেল্থ সিস্টেম রেজিলেন্সি ফর ইম্প্রুভড এসআরএইচআর ইন বাংলাদেশ প্রকল্প' বাস্তবায়ন করছে। ওরিয়েন্টেশন সেশনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, ইউপিএইচসিএসডিপি, সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি সংস্থা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ অংশীজনের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। উক্ত ওরিয়েন্টেশনে এসআরএইচআর এবং পুষ্টি পরিষেবা প্রদানের মান উন্নয়নে স্থানীয় স্বাস্থ্য ব্যবস্থার সাথে সংশ্লিষ্টদের মধ্যে সমন্বয় জোরদার করার উপর গুরুত্বারোপ করা হয়। প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন- এসআরএইচআর এবং পুষ্টি পরিষেবা প্রদানের মান উন্নয়নে স্থানীয় স্বাস্থ্য ব্যবস্থার পাশাপাশি বেসরকারী উদ্যোগ এগিয়ে আসলে তা অত্যন্ত ইতিবাচক হবে জনসাধারণের জন্য। এজন্য তিনি মমতার 'হেল্থ সিস্টেম রেজিলেন্সি ফর ইম্প্রুভড এসআরএইচআর ইন বাংলাদেশ প্রকল্পের প্রশংসা করেন। এবং এ ক্ষেত্রে সিটি কর্পোরেশনের পক্ষ হতে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন।



Stakeholder Orientation of Mamata SRHR Project

Orientation with Chattogram City Corporation and UPHCSDP to Strengthen Local Health Systems for Ensuring SRHR and Nutrition Services. An orientation session for stakeholders was held on March 10, 2026, at the Chattogram City Corporation auditorium. The event was organized under the project "Health System Resiliency for Improved SRHR in Bangladesh," implemented by Mamata.

The discussion was presided over by the Chief Executive of Mamata and Ekushey Padak-winning social worker, Rafique Ahamed. The Mayor of Chattogram City Corporation, Dr. Shahadat Hossain, graced the occasion as the Chief Guest. Other notable speakers included Mohammad Ashraf Amin (Secretary, CCC), Dr. Mohammad Imam Hossain Rana (Chief Health Officer), Nazma Binte Amin (Education Officer), Dr. Altaf Hossain (Executive Director, BAPSA), Dr. Md. Arifur Rahman (Chief Executive, YPSA), and Md. Faruque (Deputy Chief Executive, Mamata), among others. Supported by the Canadian organization HealthBridge Foundation, the "Health System Resiliency for Improved SRHR in Bangladesh" project is being implemented with the Association for Prevention of Septic Abortion, Bangladesh (BAPSA) as the Lead Partner and Mamata as the Implementing Partner.

Representatives from Chattogram City Corporation, UPHCSDP, relevant government and non-government organizations, and other key stakeholders participated in the session. The orientation emphasized strengthening coordination among those involved in the local health system to improve the quality of SRHR and nutrition service delivery.

In his speech, Chief Guest Dr. Shahadat Hossain stated, "It will be highly beneficial for the public if private initiatives come forward alongside the local health system to improve the quality of SRHR and nutrition services." He praised on Mamata SRHR project and assured necessary cooperation from the City Corporation in this regard.

চসিকের অভিযান ৫ ব্যক্তিকে জরিমানা

অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে ইফতার সামগ্রী তৈরি, মেয়াদ বিহীন পণ্য বিক্রি ও অবৈধ ভাবে ফুটপাথ দখল করার অপরাধে পাঁচ ব্যক্তিকে জরিমানা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভ্রাম্যমাণ আদালত। আজ মঙ্গলবার নগরের আইস ফ্যাক্টরি রোড ও পূর্ব মাদারবাড়ি এলাকায় চসিকের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যার নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে অত্যন্ত নোংরা ও অস্বাস্থ্যকর কারখানায় ইফতার সামগ্রী তৈরি, ক্ষতিকর রাসায়নিকের ব্যবহার করার অপরাধে আইস ফ্যাক্টরি রোডের মিন্টু বাবুর্চি ক্যাটারিং সার্ভিসকে ১০ হাজার টাকা, দুর্গন্ধময় ফ্রিজে খাবার রাখা ও মেয়াদ বিহীন পণ্য বিক্রির অপরাধে মাঝিরঘাট রোডের পানাহার বেকারিকে ৫ হাজার টাকা ও অবৈধ ভাবে ফুটপাথ দখল করার অপরাধে ৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৬ হাজার ৫ শত জরিমানা করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮